# 📖 রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১০৬৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১০৬০]

৮/ বিভিন্ন নেক আমলের ফযীলত প্রসঙ্গে (كتاب الفضائل)

পরিচ্ছেদঃ ১৮৯: মসজিদে যাওয়ার ফযীলত

(189) بَابُ فَضْلِ الْمَشْيِ إِلَى الْمَسَاجِدِ

---

আরবী

وَعَنْ أَبِي سَعِيْدٍ الخُدرِيِّ رضي الله عنه عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ: «إذا رَأَيْتُمُ الرَّجُلَ يَعْتَادُ المَسَاجِدَ فَاشْهِدُوْا لَهُ بِالْإِيْمَانِ» قال اللَّه عزَّ وجلَّ: ( إِنَّمَا يَعْمُرُ مَسَاجِدَ اللهِ مَنْ آمَنَ بِاللهِ والْيَومِ الآخِرِ ) الآية . رواه الترمذي وقال: حديث حسن .

বাংলা

৮/১০৬৭। আবূ সা’ঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: কোনো ব্যক্তিকে তোমরা যখন মসজিদে যাওয়া আসায় অভ্যস্ত দেখতে পাও তখন তার ঈমানদারীর সাক্ষী দাও। কারণ মহান ও পরাক্রমশালী আল্লাহ তা’আলা বলেন: “আল্লাহর মসজিদসমূহ আবাদ করে কেবল তারাই যারা আল্লাহর উপর এবং শেষ দিবসের (পরকালের) উপর বিশ্বাস স্থাপন করেছে...।” (সূরা আত্‌-তওবা্‌ঃ ১৮) (তিরমিযী এটিকে হাসান বলেছেন)[1]

## English

(189) Chapter: The Excellence of Proceeding towards the Mosque Walking

Abu Sa'id Al-Khudri (May Allah be pleased with him) reported:
The Messenger of Allah (ﷺ) said, "When you see a man frequenting the mosque, testify that he is a believer because Allah says: 'Allah's mosques are visited only by those who believe in Allah and the Last Day."'

[At-Tirmidhi].

Commentary: One who goes to the mosque again and again to perform Salat in congregation deserves that one bears witness to his faith. This Hadith also brings into prominence the merit and distinction of those who have an attachment to mosque, a passion for worship and remembrance of Allah,

and fondness for the construction and
maintenance of the mosque. This Hadith is weak in authenticity but correct in its meanings and significance.

## ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ তিনি এরূপই বলেছেন। কিন্তু এর সনদটি দুর্বল যেমনটি আমি “আলমিশকাত” গ্রন্থে (নং ৭২৩) বর্ণনা করেছি। তবে এর ভাবার্থ সহীহ্। এর সনদে দার্রাজ ইবনু আবিস সাম্হ্ নামক এক বর্ণনাকারী রয়েছেন। তার সম্পর্কে হাফিয ইবনু হাজার “আত্তাক্বরীব” গ্রন্থে বলেনঃ তিনি তার হাদীসের ব্যাপারে সত্যবাদী, তবে আবুল হাইশাম হতে তার বর্ণনা করার ক্ষেত্রে দুর্বলতা রয়েছে। এ কারণেই হাফিয যাহাবী ইমাম হাকিমের সমালোচনা করে বলেছেনঃ দার্রাজ বহু মুনকারের অধিকারী। তিরমিযী ৩০৯৩

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=25257

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন